PG EVEN SEMESTER EXAMINATION, 2024

BENGALI
4th Semester

Course No : BNGCC - 652

(সাহিত্যতত্ত্ব ও সমালোচনা - ২)

Full Marks : 70
Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

(পার্শ্বস্থিত সংখ্যা পূর্ণমান নির্দেশক)

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১) ‘মোরফোলজিয়া স্কাজ্‌কি’ গ্রন্থের রচয়িতা কে? ‘কোসস্ট ইন জেনারেল লিঙ্গুয়িস্টিকস’ গ্রন্থটি কত খ্রিষ্টাব্দে ইংরেজিতে অনূদিত হয়? ক্লদ লেভিস্ট্রস-এর Fxa : Fyb : : Fxb : Fa - 1(y) সূত্রটির সাহায্যে যে কোনো একটি পাঠকৃতি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

২) ‘পাঠ্য’ ও ‘লেখ্য’ বলতে রোলাঁ বার্ত কী বুঝিয়েছেন? সাহিত্য সমালোচনা বিষয়ে রোলাঁ বার্ত উত্থাপিত অভিযো*গুলি বিশ্লেষণ করো।
‘এস/জেড’ গ্রন্থে রোলাঁ বার্ত ‘সারাসিন’ *ল্পের আকরণোত্তরবাদী বিশ্লেষণ কীভাবে উপস্থাপিত করেছেন, সে সম্পর্কে আলোচনা করো।

২+৬+৬=১৪

(Turn Over)

খ-গুচ্ছ

৩) জাক দেরিদার প্রথম গ্রন্থের নাম কী? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? "আপাত পূর্ণতা থেকে প্রকৃত পূর্ণতার দিকে পাঠকৃতিকে নিয়ে যাওয়ার প্রক্রিয়ার পারিভাষিক নামই হল বিনির্মাণ।" বিনির্মাণবাদ তত্ত্বের নিরিখে বিষয়টি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৪) বাংলা উত্তর আধুনিক সাহিত্যচিন্তার প্রধান বৈশিষ্ট্যগুলি কী কী? বাংলা কবিতায় উত্তর আধুনিক চেতনার প্রভাব নিয়ে আলোচনা করো। ৪+১০=১৪

*-গুচ্ছ

৫) 'পরিবার, ব্যক্তি*ত মালিকানা ও রাষ্ট্রের উদ্ভবপত্তি' গ্রন্থটি কার লেখা? কার্ল মার্কস-এর লেখা একটি গ্রন্থের নাম লেখো। 'মতাদর্শ' সংক্রান্ত মার্কসবাদী তত্ত্বের মূল বিষয়গুলো আলোচনা করো। ১+১+১২=১৪

৬) 'দি রেচেড অফ দি আর্থ' গ্রন্থের লেখক কে? এডোয়ার্ড সাঈদ-এর একটি গ্রন্থের নাম লেখো। ঔপনিবেশিকতার চক্রব্যূহ থেকে উত্তরণের সাবিক প্রয়াসের কথা বলে উপনিবেশোত্তর চেতনা। - পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঘ- গুচ্ছ

৭) প্রকাশকাল সহ জাঁ পল সার্ত্রের দুইটি উপন্যাসের নাম লেখো। রোকোয়েন্টিন কোন্ উপন্যাসের চরিত্র? তপোধীর ভট্টাচার্যের প্রবন্ধ অবলম্বনে সার্ত্রের সাহিত্যচিন্তার পরিচয় দাও। ২+১+১১=১৪

৮) লুই আলত্যুসের-এর ভাবাদর্শ বিষয়ক বিখ্যাত প্রবন্ধটির নাম কী? এটি কোন গ্রন্থে সংকলিত হয়েছে? ভাবাদর্শ বিষয়ে মার্কসীয় ধারণাকে আলত্যুসের কীভাবে দেখেছেন, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো। ১+১+১২=১৪

ঙ-গুচ্ছ

৯) পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায় কৃত 'Temporal' ও 'Spatial' শব্দ দুটির বাংলা প্রতিশব্দ কী? পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায়ের মতানুযায়ী উপন্যাসে 'উপন্যাসত্ব' কীভাবে প্রকাশ পায়, তা উদাহরণ সহ আলোচনা করো। ১+১+১২=১৪

১০) 'নির্মাণ আর সৃষ্টি'র প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে? এই গ্রন্থ রচনাকালে শঙ্খ ঘোষ কোথায় অবস্থান করছিলেন? শঙ্খ ঘোষের 'আমি' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের 'আত্ম*ত আমি', 'ব্যক্তি*ত আমি' ও 'মূর্তি*ত আমি'র পার্থক্য বুঝিয়ে তাঁর 'বিশ্ব আমি' তে রূপান্তর কীভাবে ঘটেছে তা বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

★★★